“দাঁড়িয়ে সালাত আদায় করবে, তাতে সমর্থ না হলে বসে, যদি তাতেও সক্ষম না হও তাহলে কাত হয়ে শুয়ে।”

ইমরান ইবনু হুসাইন রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমার অর্শরোগ ছিল।
তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের কাছে সালাত সম্পর্কে প্রশ্ন করলাম। তিনি বললেন: “দাঁড়িয়ে সালাত আদায় করবে, তাতে সমর্থ না হলে বসে, যদি তাতেও
সক্ষম না হও তাহলে কাত হয়ে শুয়ে।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে বর্ণনা করেছেন, সালাতের মূল হলো দাঁড়িয়ে সালাত আদায় করা। তবে দাঁড়িয়ে সালাত আদায় করতে সমর্থ না থাকলে বসে সালাত আদায় করবে, যদি তাতেও সক্ষম না হয়, তাহলে কাত হয়ে শুয়ে সালাত আদায় করবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10951